

এক ঝলকে

এসআইও

sio
WEST BENGAL
f @ siowb

ওবিসি সংরক্ষণ নীতি পুনর্বহাল, অন্তর্ভুক্তিমূলক ও ভয়মুক্ত শিক্ষাদান এবং সৃজনশীল কর্মসংস্থানের দাবিতে সারা রাজ্যজুড়ে এসআইও আন্দোলন পরিচালনা করে আসছে। তারই ধারাবাহিকতায় কলকাতায় বিধানসভা অভিযানের উদ্দেশ্যে একটি বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়। মিছিলে নেতৃত্ব দেন রাজ্য সভাপতি সেখ ইমরান হোসেন। মিছিল শেষে বিধানসভার স্পিকারের দপ্তরে ১৫ দফা দাবিসংবলিত একটি স্মারকলিপি প্রদান করা হয়।



পূর্বের OBC সংরক্ষণ নীতি পুনর্বহাল, দুর্নীতিমুক্ত নিয়োগ প্রক্রিয়া, ভয়মুক্ত শিক্ষাদান গড়াসহ

১৫দফা দাবিতে
বিধানসভা অভিযান ASSEMBLY MARCH

১৯শে নভেম্বর, ২০২৫ জমায়তের কলেজ কোয়ার্টার, কলকাতা

Students Islamic Organisation of India, West Bengal

sio
WEST BENGAL
f @ siowb

আগামী ডাক্তারদের সংবর্ধনা ও ইসলামী বার্তা

Prognosis - এ সেশনের অন্যতম আয়োজন। এই অনুষ্ঠানে নিট পরীক্ষায় সফল পড়ুয়া অর্থাৎ আগামীর ডাক্তারদের সম্মুখে ইসলামের আলোকে একজন প্রকৃত ডাক্তারের চিত্র তুলে ধরা হয়। মৌলালি যুব কেন্দ্রে অনুষ্ঠিত Prognosis - এ প্রায় ১৭০ জন্য MBBS ছাত্র-ছাত্রী উপস্থিত ছিল।



দ্বীনি মাদ্রাসা পড়ুয়াদের জন্য ক্যারিয়ার ক্যাম্প

দ্বীনি মাদ্রাসার পড়ুয়ারা মিল্লাতের অমূল্য মানবসম্পদ। তাদের সম্মুখে হাফিজ ও মাওলানা কোর্সের পাশাপাশি ক্যারিয়ারের এক সম্ভাবনাময় দিকনির্দেশনা দিতে সংগঠন সংবর্ধনা শিবির ও ক্যারিয়ার ক্যাম্প আয়োজন করে থাকে। এছাড়াও বিভিন্ন মাদ্রাসায় আইনি সচেতনতা ও সোশ্যাল মিডিয়ার ব্যবহার সংক্রান্ত ওয়ার্কশপ আয়োজন করা হয়।



দাওয়াতঃ সত্যের পথে আহ্বান

প্রিয় নবী(সঃ)-এর জীবনদর্শন অমুসলিম বন্ধুদের কাছে জানিয়ে দিতে “মানবতার মুক্তিদূত হযরত মুহাম্মাদ (সঃ)-কে জানুন” শিরোনামে বিশেষ প্রচারাভিযান চালানো হয়। ইসলাম সম্পর্কিত বই-পুস্তক প্রকাশ ও প্রচারকে সংগঠন মুখ্য কর্মসূচির মধ্যে সামিল করেছে।



সাংবাদিক সম্মেলন

সংখ্যালঘু মুসলিমদের অধিকারের লড়াইয়ে সংগঠন সর্বদাই প্রথম সারিতে অবস্থান করে। ওবিসি নিয়ে চক্রান্ত, মাদ্রাসা সার্ভিস কমিশনের দুর্নীতি, সিলেবাসে ইসলাম বিরোধী কন্টেন্ট, শিক্ষাঙ্গনে মুসলিম ও হিজাব বিদ্বেষ ও ঈদের সময় পরীক্ষা রাখার মত চক্রান্তের বিরুদ্ধে সংগঠন সাংবাদিক সম্মেলন, মিছিল, পথসভা ও স্মারলিপি প্রদানের কাজ জারি রেখেছে। সংগঠন প্রতি সেশনে শিক্ষা সংক্রান্ত সমস্যার সমাধানে রাজ্যজুড়ে শিক্ষা আন্দোলন পরিচালনা করে থাকে।



মননশীল সংস্কৃতির উদ্ভাসিত বলয়

অপসংস্কৃতি ও ইন্টারনেটের অশ্লীলতার বিরুদ্ধে একটি মননশীল সংস্কৃতির জন্য এসআইও প্রতিষ্ঠা করেছে তামাদুন শিল্পীগোষ্ঠী। তামাদুন সারা বছর ধরে বিভিন্ন ইসলামী সঙ্গিত, শর্ট ফ্লিম, রিলস প্রকাশ করে থাকে। বিভিন্ন সময় স্টেজ পারফরমেন্সের মাধ্যমে সুস্থ সংস্কৃতিকে বিকল্প হিসাবে প্রমাণ করেছে তামাদুন শিল্পীগোষ্ঠী। এ বছর জাগরণ কালচারাল ফেস্টিভ্যালের নামে একটি সৃজনশীল উৎসবের আয়োজন করা হয়।



আবাসিক শিক্ষার্থীদের জন্য 'স্কিলআপ' প্রোগ্রাম

মিশন ও আবাসিক স্কুলের পড়ুয়াদের সম্মুখে দ্বীনের পূর্ণাঙ্গ ধারণা তুলে ধরতে এবং ক্যারিয়ারের সঠিক ধারণা দিতে কলকাতায় স্কিল আপ-২০২৫' শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। মূলত দ্বীন ও দুনিয়ার মধ্যে ভারসাম্যপূর্ণ জীবনযাপনের পথ প্রদর্শন করাই ছিল এই কর্মশালার মুখ্য উদ্দেশ্য। এই কর্মশালার অংশ ছিল বিজ্ঞান প্রদর্শনী এবং কলকাতায় শিক্ষামূলক ভ্রমণ, যা ছাত্রদের শেখার অভিজ্ঞতাকে আরও সমৃদ্ধ করে তোলে।



মজলুম ফিলিস্তিনের পক্ষে আমরা

সারা বিশ্বের মুসলিম উম্মাহ এক হৃদয় ও এক শরীরের অংশ। তাই ফিলিস্তিনের মজলুম জনতার জন্য সংগঠন সর্বদা সোচ্চার হয়। একদিকে যেমন দেশজুড়ে প্রতিবাদ কর্মসূচি পালন করে ফিলিস্তিনবাসীর প্রতি সহমর্মিতা প্রকাশ করে এসআই ও, তেমনই সমস্ত ইজরায়েলি পণ্য বয়কট করে এই অত্যাচারী দেশের আর্থিক সচ্ছলতা ভেঙে দেওয়ার প্রচারাভিযানও চালানো হয়।

শিক্ষাজ্ঞানে দ্বীনের চর্চা

শহরের বুকে বাড়ি ছেড়ে উচ্চশিক্ষা অর্জন করতে আসা পড়ুয়ারা অন্যান্য মতবাদ ও সংস্কৃতির সংস্পর্শে পড়ে দ্বীন থেকে দূরে চলে যেতে থাকে। এখানে এসআইও তাদের ঈমান ও আমল রক্ষা করার জন্য সাপোর্ট সিস্টেম হিসাবে দারস-এ কুরআন, তাজকিয়া ক্যাম্প, ইফতার মাহফিল, সাপ্তাহিক ইসলামিক ও সমসাময়িক বিষয়ে আলোচনার আয়োজন করে থাকে।



প্রিয় নবীজির (সাঃ) আদর্শে সমাজ সেবা

প্রিয় নবী মুহাম্মাদ(সঃ)-এর শ্বাশত ঘোষণা, “তোমরা জমিনের অধিবাসীদের প্রতি দয়া করো, তাহলে আসমানের মালিক (আল্লাহ) তোমাদের প্রতি দয়া করবেন”। এই হাদিসকে বুনিয়েদ করে সংগঠন এবং কর্মীরা সর্বদায় সমাজসেবায় তৎপর থাকে। অভাবী মানুষকে সাধ্যমত খাদ্যদ্রব্য প্রদান, মেডিক্যাল ও রক্তদান শিবির, SIR হেল্পডেস্ক ইত্যাদির আয়োজন করা হয়। এছাড়াও ছাত্রছাত্রীদের স্কলারশিপ প্রদান কর্মসূচি আমাদের সারা বছর চলতেই থাকে।



আপনার আর্থিক
সহযোগিতাই
আমাদের পাথেয়



sio

Students Islamic Organisation of India, West Bengal

State Office: 14 Allimuddin St. 2nd floor Kolkata - 700016 Ph: 033 2264 5952

HQRS: D-300 Abul Fazal Enclave, Jamia Nagar, Okhla, New Delhi - 110025

Website: <https://siowb.org.in>, Email: sio.wzone@gmail.com

anudan dite skyan karn
siowb siowestbengal